

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মে ১৮, ১৯৯৩

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

স্থানীয় সরকার, পল্লী উন্নয়ন ও সমবায় মন্ত্রণালয়

স্থানীয় সরকার বিভাগ

(পৌর-২ শাখা)

প্রজ্ঞাপন

তারিখ ৩রা জ্যৈষ্ঠ ১৪০০/১৭ই মে ১৯৯৩

এস.আর.ও, নং ৮৬-আইন/৯৩—যেহেতু সরকার ভোলা জেলার চরফ্যাশন পৌর এলাকা (মিউনিসিপ্যালিটি) হইতে নিম্ন তফসিলে উল্লিখিত শহর এলাকাসমূহকে কর্তন করিয়া উক্ত পৌর এলাকার সীমানা সংকুচিত করার প্রস্তাব করিয়াছে ;

এবং যেহেতু সরকার প্রস্তাবিত সংকোচনের ব্যাপারে পরামর্শ এবং আপত্তি আহ্বান করিয়া Declaration and Alteration of Municipalities Rules, 1978 এতঃপর উক্ত Rules বলিয়া উল্লিখিত, এর rule 3 এর অধীন পাবলিক নোটিশ জারী করার জন্য ডেপুটি কমিশনারকে নির্দেশ প্রদান করিয়াছে এবং তদনুযায়ী ডেপুটি কমিশনার উক্ত Rules মোতাবেক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করিয়া প্রতিবেদন দাখিল করিয়াছেন ;

এবং যেহেতু ডেপুটি কমিশনারের উক্ত প্রতিবেদন বিবেচনা করিয়া সরকার চরফ্যাশন পৌর এলাকা হইতে নিম্ন তফসিলভুক্ত এলাকা বাদ (curtail) দিয়া উহাকে সংকোচন করার জন্য চূড়ান্ত সিদ্ধান্ত গ্রহণ করিয়াছে ;

অতএব, সেহেতু উক্ত Rules এর rule 5-এ প্রদত্ত ক্ষমতাবলে সরকার ঘোষণা করিল যে, নিম্ন তফসিলভুক্ত শহর এলাকাসমূহ আগামী ১-৬-১৯৯৩ তারিখ হইতে চরফ্যাশন পৌর এলাকা হইতে বাদ যাইবে এবং আরও ঘোষণা করিল যে, উক্তরূপ বাদ যাওয়া

(১৬৪৯)

মূল্য: টাকা ১.০০

এলাকাসমূহ পল্লী এলাকা হিসাবে পরিগণিত হইবে এবং শহর এলাকা ঘোষণার পূর্বে সেই এলাকাসমূহ যে যে ইউনিয়নের অন্তর্ভুক্ত ছিল সেই সেই ইউনিয়নের এলাকাভুক্ত হইবে।

তফসিল

ক্রমিক নং	ইউনিয়নের নাম	মৌজার নাম	জে,এল,নং	দাগ নম্বর
১।	যামিনাবাদ	কুলছুমবাগ	৮৩	১১৩৯—১২৮৯, ১২৯২— ১৩২৪, ১৩৪২—১৭৩১।
২।	জিন্নাগড়	দক্ষিণ ক্যাসন	৬১	৩১৬, ৩১৮—৩৩৩, ১৯২৫— ২১৭৭, ২৩০৩—২৩০৭।
৩।	জিন্নাগড়	জিন্নাগড়	৮৪	১৬৮—৩১০, ৩১২—৩১৫, ৩৬০২—৩৬৮২, ৩৮৭৯— ৪০৮০।
৪।	জিন্নাগড়	উত্তর মাদ্রাজ	৮৫	১৩৭, ১৩৮, ১৯৫—২৩৩, ২৩৭—৩১৮, ৪০২, ৪০৬, ৪৩২, ৪৫৬—৪৬১, ৪৭৩ ৪৭৫, ৪৭৭, ৫০৮—৫১০, ৫১৫—৬৭৪, ৬৭৭—৬৭৮, ৬৮২—৬৮৭, ৬৮৯, ৮৪৫— ৯৩৩।

রাষ্ট্রপতির আদেশক্রমে

মোঃ খালেদুজ্জামান

উপ-সচিব(পৌর)।

বদিউর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মন্ত্রণালয়, ঢাকা কর্তৃক মর্দিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনী অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।